



তারেক রহমানের বিরুদ্ধে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ এনসিপির



সংগৃহীত ছবি

এনসিপির অভিযোগ, নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করে প্রচারণা চালিয়েছেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। নির্ধারিত সময় পেরিয়ে মাইক ব্যবহারের দাবি তুলে নজরদারি বাড়ানোর আহ্বান জানিয়েছে দলটি।

মঙ্গলবার (২৩ জানুয়ারি) সন্ধ্যায় নির্বাচনী পরিচালনা কমিটির বৈঠক শেষে এনসিপির প্রধান কার্যালয়ে এক প্রেস ব্রিফিংয়ে এসব কথা বলেন মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া। তিনি অভিযোগ করেন, বিভিন্ন প্রার্থী আচরণবিধি উপেক্ষা করে পোস্টার ব্যবহারের ক্ষেত্রেও অনিয়ম করছেন।

আসিফ মাহমুদ বলেন, ভোটকেন্দ্রের বাইরে সেনাবাহিনী অবস্থান করার সিদ্ধান্ত উদ্বেগ তৈরি করছে। কেন্দ্রগুলোতে সিসিটিভি ক্যামেরা নিশ্চিত করার আহ্বান জানান তিনি। তার অভিযোগ, প্রশাসন ও নির্বাচন কমিশন একটি বিশেষ দলকে সুবিধা দিচ্ছে; অনিয়মের বিরুদ্ধে ব্যবস্থা না নিলে এসব প্রতিষ্ঠানের বিশ্বাসযোগ্যতা প্রশ্নের মুখে পড়বে। গণমাধ্যমকেও নিরপেক্ষ থাকার আহ্বান জানান তিনি।

এদিকে, আগামীকাল বিকেল ৫টায় টিএসসির পায়রা চত্বরে এনসিপির নির্বাচনী থিম সং উন্মোচন করা হবে বলে জানানো হয়েছে।